

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা।

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.০২৭.০০৭.১৪- ৩৭০

তারিখঃ ১৯ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি আলহাজ্ব মোঃ জিকে গউছ, পিতা-মৃত মোঃ গোলাম মর্তুজা, গ্রাম/রাস্তা- সায়েস্তানগর আ/এ, ডাকঘর- হবিগঞ্জ, হবিগঞ্জ সদর, জেলা- হবিগঞ্জ, হবিগঞ্জ পৌরসভার মেয়র; এবং


যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত বিশেষ ট্রাইবুনাল মামলা নং- ০৪/২০০৯ এ ২৯/০৮/২০১৬ খ্রিস্টাব্দ তারিখযুক্ত সম্পূরক অভিযোগপত্র গত ২২ মার্চ ২০১৭ তারিখে বিজ্ঞ স্পেশাল ট্রাইবুনাল, সুনামগঞ্জ কর্তৃক গৃহীত হইয়াছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১)-মোতাবেক পৌরসভার মেয়র এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হইলে তাহাকে সাময়িক বরখাস্ত করার বিধান রহিয়াছে।

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে আপনি আলহাজ্ব মোঃ জিকে গউছ, মেয়র, হবিগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ'কে সাময়িকভাবে বরখাস্ত করা হইল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে




(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ-সচিব(পৌর-১)

নংঃ ৪৬.০০.০০০০.০৬৩.০২৭.০০৭.১৪- ৩৭০/১(৬)

তারিখঃ ১৯ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০১৭ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

- ১) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।
- ২) জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ৩) পরিচালক, সরকারি মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪) উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৬) আলহাজ্ব মোঃ জিকে গউছ, মেয়র (সাময়িকভাবে বরখাস্তকৃত), হবিগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ। তাঁকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(২) উপ-ধারা অনুযায়ী আদেশ প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে প্যানেল মেয়র-১ এর নিকট হবিগঞ্জ পৌরসভার মেয়র এর দায়িত্বভার হস্তান্তর করার জন্য অনুরোধ করা হইল।
- ৭) প্যানেল মেয়র-১, হবিগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ'কে অনতিবিলম্বে মেয়র-এর দায়িত্বভার গ্রহণের জন্য অনুরোধ করা হইল এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ ও প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক প্যানেল মেয়র-১ পৌরসভার দৈনন্দিন কার্যক্রমসহ আর্থিক দায়িত্ব পালন করিবেন।
- ৮) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ-সচিব(পৌর-১)